

৬ষ্ঠ অধ্যায়  
ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম  
মডেল-০৭

১.► হাবিব পাবলিকেশন্স অনলাইন ইআরপি ডেটাবেজ ব্যবহার করে দেশে বিদেশে তাদের ব্যবসা পরিচালনা করে। এর ফলে সকল পরিবেশে গ্রাহক সম্পর্কে তাৎক্ষণিক তথ্য প্রাপ্তি যেমন নিশ্চিত করা যায় তেমনি কেন্দ্রীয়ভাবে ব্যবসার তদারকি করা সহজ হয়।

- ক. কর্পোরেট ডেটাবেজ কী? ১  
খ. ডেটাবেজে কী কী ধরনের কুয়েরি ব্যবহার করা হয়? ২  
গ. উদ্দীপকে উল্লেখিত ডেটাবেজে কোন কোন ইউনিটগুলো অন্তর্ভুক্ত রয়েছে? ব্যাখ্যা কর। ৩  
ঘ. উক্ত ডেটাবেজ কোন ধরনের প্রতিষ্ঠানের জন্য অত্যন্ত মূল্যবান-বিশ্লেষণ কর। ৪

২.► শতদল কলেজের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কর্তৃপক্ষ সকল স্তরে কম্পিউটার ব্যবহারের উদ্যোগ নিয়েছে। শিক্ষার্থীদের জন্য একটি ডেটাবেজ তৈরি করে তাতে নাম, পিতার নাম, ঠিকানা, জন্ম তারিখ, রোল নম্বর, সেকশন ইত্যাদি ফিল্ড সংযুক্ত করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

- ক. ডেটাবেজ কী? ১  
খ. ফিল্ডের ডেটা টাইপ সম্পর্কে লিখ। ২  
গ. উদ্দীপকে উল্লেখিত ফিল্ড গুলো নিয়ে ডেটাবেজ তৈরি করার প্রক্রিয়া বর্ণনা কর। ৩  
ঘ. উক্ত ডেটাবেজ থেকে কলেজ কী কী সুবিধা পেতে পারে বলে তুমি মনে কর। বিশ্লেষণপূর্বক তোমার মতামত দাও। ৪